



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড

Northern Electricity Supply Company Limited
(An Enterprise of Bangladesh Power Development Board)
কোম্পানি সচিবালয়



প্রধান কার্যালয়
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ
রাজশাহী

২৬ জুন, ২০২১

শোক বার্তা

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিঃ এর বিক্রয় ও বিতরণ বিভাগ, জয়পুরহাট দপ্তরে কর্মরত জনাব মোঃ আব্দুর রশিদ (নিরাপত্তা প্রহরী) কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়ে অদ্য ২৬/০৬/২০২১ ইং তারিখ রোজ শনিবার আনুমানিক দুপুর ১:০০ ঘটিকায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। তিনি একজন সৎ এবং দক্ষ কর্মচারী ছিলেন। কোভিড-১৯ ভাইরাসজনিত এই মহামারীর সময়েও নিষ্ঠা এবং আনুগত্যের সাথে তার উপর অর্পিত সকল দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেন।

তার মৃত্যুতে নেসকো লিঃ এর মাননীয় চেয়ারম্যান মহোদয়, ব্যবস্থাপনা পরিচালক এবং পরিচালনা পর্ষদের সকল সদস্যবৃন্দ গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন এবং মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যবৃন্দের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। তারা এই অপূরণীয় ক্ষতি ও শোক ধৈর্যের সাথে মোকাবেলার জন্য মহান আল্লাহ রাক্বুল আলামীনের নিকট প্রার্থনা করেছেন। মহান সৃষ্টিকর্তা জনাব মোঃ আব্দুর রশিদকে জান্নাতবাসী করুন।

সর্বশক্তিমান সৃষ্টিকর্তা আমাদের সকলকে নিরাপদ ও সুস্থ রাখুন। আমিন।

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে
সৈয়দ আবু তাহের,
উপ-কোম্পানি সচিব